ওয়াইফাই জোনের প্রকল্পের কাজ দেখে খুশি পুরমন্ত্রী

নিজস্ব সংবাদদাতা, উত্তর ২৪ পরগনা: গতরাতে কামারহাটিতে ফ্রি ওয়াইফাই জোনের উদ্বোধন করলেন ফিরহাদ হাকিম। তিন কোটি টাকা ব্যয়ে ওয়াইফাই জোন তৈরি করা হল কামারহাটি পুরসভা অঞ্চলকে। এই উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন রাজ্যের উপমুখ্য সচেতক তথা বরানগরের বিধায়ক তাপস রায়, কামারহাটির পুরপ্রধান গোপাল সাহা, প্রাক্তন পরিবহণ মন্ত্রী মদন মিত্র। এই অনুষ্ঠানে কেরালায় বন্যা ত্রারে সাহায্যের জন্য কামারহাটি পুরসভার পক্ষ থেকে গোপাল সাহা মুখ্যমন্ত্রীর ত্রাণ তহবিলে এক লাখা টাকার চেক ফিরহাদ হাকিমের হাতে তুলে দেন।

ওয়াইফাই জোন সম্পর্কে পৌরমন্ত্রী বলেন, ‘‘কামারহাটিতে দু’টিধার্মিক পীঠস্থান রয়েছে। দক্ষিণেশ্বরের মা ভবতারিণী কালীমন্দির এবং আদ্যাপীঠ। এছাড়া রয়েছে কামারহাটি পুরসভা, ভৈরব গাঙ্গুলি কলেজ, বেলঘরিয়া থানা, সাগর দত্ত মেডিকেল কলেজ হাসপাতাল। প্রত্যেকদিন কয়েক হাজার মানুষ ও ভক্তবৃন্দ কামারহাটি শহরে আসেন। এই শহর ওয়াইফাই জোন হওয়ায় তারাও উপকৃত হবেন।’’

2			4			1		
9		7			1			
		3						2
	6	9			3			8
			2		6			
8			7			6	3	
1						3		
			1			7		6
		6			7			1

গতকালের সমাধান

7	5	8	9	3	6	2	4	1
2	9	4	7	5	1	3	6	8
6	3	1	8	4	2	7	5	9
9	1	5	6	8	7	4	3	2
8	4	2	3	1	5	6	9	7
3	6	7	2	9	4	1	8	5
4	2	9	1	6	8	5	7	3
5	7	3	4	2	9	8	1	6
1	8	6	5	7	3	9	2	4

আবহাওয়া

পূর্বাভাস: বৃহস্পতিবার সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা থাকবে যথাক্রমে ৩৩ ডিগ্রি ও ২৭ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি। **তাপমাত্রা:** বুধবার সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা ছিল যথাক্রমে ৩২ ডিগ্রি ও ২৭ ডিগ্রি সেলসিয়াস। **আপেক্ষিক আর্দ্রতা:** সর্বাধিক ৮৪ শতাংশ। **সূর্যোদয়:** ঘ ৫।১৬, **সূর্যাস্ত:** ঘ ১৪।০২। **জোয়ার:** দুপুর ১১.৫০। **ভাঁটা:** সকাল ৭.২৭।

— সমাধানের নিয়ম —

এমন ভাবে শূন্য ঘরগুলো পূরণ করতে হবে যেন প্রতিটি সারিতে ও প্রতিটি কলমে ১ থেকে ৯ সংখ্যাগুলো মাত্র একবার থাকে।

সোনা-রুপোর বাজার দর

	টাকা
পাকা সোনা (১০ গ্রাম):	৩০,১১৫
গহনা সোনা (১০ গ্রাম):	২৮,৫৭০
হলমার্কগহনা: (২২ ক্যারেট ১০ গ্রাম):	৩০,০০০
রুপোর বাট (প্রতি কেজি):	৩৮,০৪০০
খুচরো রুপো (প্রতি কেজি):	৩৮,৫০০

সৌজন্যে: পশ্চিমবঙ্গ বুলিয়ান মার্চেন্টস অ্যান্ড জুয়েলার্স অ্যাসোসিয়েশন বাজার দর (মূল্যযুক্ত কর আলাদা)।

মুদ্রা বিনিময় হার

RBI REFERENCE RATE

INR / 1 USD	: 38,5246
INR / 1 Euro	: 79,8654
INR / 100 Jap. YEN	: 62.3600
INR/1 Pound Sterling	: 90.6032

শেয়ার সূচক

BSE	38,285.75▲	(+7.00)
NIFTY	11,570.90▲	(+19.15)

শব্দলিপি- ১২৮৯

১	২		৩	■	৪		৫
■		■		■		■	
৬				■		■	
	■	■	৭	৮			
৯		১০			■	■	
	■		■	১১		১২	
	■		■		■		■
১৩			■	১৪			

অসীম মণ্ডল

পাশাপাশি ঃ ১। কানের ভিতর পুঁজ জমা ৪। রেশ ৬। আগ্রহান্বিত ৭। মোকদ্দমা প্রিয় ৯। লতাকুঞ্জ ১১। হুঁশিয়ার ১৩। আলতা ১৪। ছদ্মবেশধারী

উপরনীচ ঃ ২। নতুবা ৩। পুত্র পরিচয়ে দুর্গা ৪। সাদাসিধে ৫। পিতামাতা ৬। বিপর্যস্ত ৮। নাগমাতার আরাধনা ১০। যিনি বিচার করেন ১২। চটকানো

সমাধান ঃ শব্দলিপি - ১২৮৮

পাশাপাশি ঃ ১। আলাপন ৩। কাঁপুনি ৬। শালিধান ৮। প্রবহমান ১০। খানকতক ১২। নরদমা ১৪। আবহ ১৫। অহর্নিশ

উপরনীচ ঃ ১। আদানপ্রদান ২। পরিবাহ ৪। পুরোধা ৫। দশানন ৭। নরকসদৃশ ৯। মাখামাখি ১১। কষ্টসহ ১৩। রজব

চাকদহের ছাত্রী খুনে চাঞ্চল্যকর মোড়

জামাইবাবুর সঙ্গে অবৈধ সম্পর্কের জেরে খুন বর্ষা

নদিয়া, ২২ আগস্ট: নদিয়ার চাকদায় ছাত্রী খুনের ঘটনায় চাঞ্চল্যকর মোড়। দ্বাদশ শ্রেণির ছাত্রী বর্ষা দাসকে খুনের ঘটনায় গ্রেফতার করা হল কিশোরীর জামাইবাবু তারক দাসকে। গ্রেফতার করা হয়েছে জামাইবাবুর এক সহযোগীকেও। খুনের ঘটনায় আরও কেউ জড়িত আছে কি না, তা খতিয়ে দেখছে পুলিশ। চাকদার মদনপুরের আলাইপুরের বাসিন্দা ছিল বর্ষা। শুক্রবার বিকেলে মদনপুরে প্রাইভেট টিউশন পড়তে যাওয়ার জন্য বেরিয়ে নিখোঁজ হয়ে যায় বর্ষা। ৩ দিন নিখোঁজ ছিল দ্বাদশ শ্রেণির ছাত্রী। তারপর সোমবার দুপুরে চাকদার কামালপুর এলাকায় একটি পরিত্যক্ত জলাশয় থেকে বর্ষার ক্ষতবিক্ষত দেহ উদ্ধার হয়। শরীরে একাধিক আঘাতের চিহ্ন মেলে। পুলিশ জানায়, ধারালো অস্ত্র দিয়ে কুপিয়ে খুন করা হয়েছে বর্ষাকে। খুনের ঘটনায় প্রাথমিকভাবে সন্দেহ ও অভিযোগের তির গিয়ে পড়ে পড়শি যুবক অজয় দাস ওরফে ছোটনের দিকে। বর্ষার বাড়ির লোক অভিযোগ করে, পড়শি যুবক অজয় তাঁদের মেয়েকে উত্ত্যক্ত করত। নানাভাবে কুপ্রস্তাব দিত। বিভিন্নভাবে হেনস্থা করার চেষ্টা করত।

বর্ষার বাড়ির লোকের অভিযোগের ভিত্তিতে অজয়কে গ্রেফতার করে পুলিশ। কিন্তু তাঁকে জিজ্ঞাসাবাদ করে পুলিশ বুঝতে পারে, বর্ষাকে উত্ত্যক্ত করলেও খুনের পিছনে অজয়ের হাত নেই। এরপরই অন্যদিকে মোড় নেয় ঘটনা। শ্যালিকা বর্ষাকে খুনের অভিযোগে গ্রেফতার কর হয় জামাইবাবু তারক দাসকে। তবে, জামাইবাবু তারক দাস কেন বর্ষাকে খুন করেছে এ সম্বন্ধে নিশ্চিত করে এখনও কিছু জানা যায়নি। প্রাথমিকভাবে অনুমান, জামাইবাবু তারক দাসের সঙ্গে শারীরিক সম্পর্কে জড়িয়ে পড়েছিল দ্বাদশ শ্রেণীর ছাত্রী বর্ষা। সেকারণেই হয়তো খুন হতে হয়েছে তাকে। পুলিশ ধৃতদের জেরা করে খুনের কারণ অনুসন্ধান করছে।

বুধবার সকালে ঈদের নমাজ অনুষ্ঠিত হল আসানসোল ঈদগাহে। মুসলিম ধর্মাবলম্বী মানুষরা সকালে দিয়ে চলে কুশল করেন। এদিন আসানসোল ঈদগাহে পৌঁছে কুশল বিনিময় করতে দেখা যায় রাজ্যের মন্ত্রী মলয় ঘটকে। সকালে স্নান সেরে কচিকাঁচা থেকে প্রবীণ সকলেই পৌঁছায় ঈদগাতে। সেখানে চলে নমাজ পাঠ। নমাজ শেষে আলিঙ্গনের মধ্য দিয়ে চলে কুশল বিনিময়।

হাওড়ার ফোর্ট উইলিয়াম জুটমিলে আগুন

হাওড়া, ২২ আগস্ট: মঙ্গলবার বিকেলে হাওড়ার ফোর্ট উইলিয়াম জুটমিলে হঠাৎই আগুন লাগে। এই ঘটনায় আতঙ্ক ছড়িয়ে পড়ে এলাকায়। খবর পেয়ে ঘটনাস্থলে আসে দমকলের ৩টি ইঞ্জিন। প্রায় যুদ্ধকালীন প্রচেষ্টায় ঘণ্টাখানেকের মধ্যেই আগুন নিয়ন্ত্রণে আনা সম্ভব হয়। লক্ষাধিক টাকার ক্ষয়ক্ষতি হয়েছে বলে দমকলের প্রাথমিক অনুমান। তবে হতাহতের কোনও খবর নেই। জানা গেছে, হাওড়ার ফরশোর রোডে এই কারখানায় এর আগেও অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেছে।

জুটমিলের জেনারেল ম্যানেজার পার্সোনাল অ্যাডমিনিস্ট্রেশন গুরুদাস মিত্র জানান, বিকেল চারটে দশ মিনিট নাগাদ আগুন লাগে। এখানে জুট স্টক ছিল। মিলের কর্মীরাই প্রথম ঘটনাটি দেখতে পেয়ে আমাদের জানান। এরপর দমকলের কর্মীরা আসেন।

যদিও তার আগেই আমাদের নিজস্ব অগ্নিনির্বাপণ ব্যবস্থা দিয়ে আগুন নেভানোর কাজ শুরু হয়। আমাদের নিজস্ব আধুনিক অগ্নিনির্বাপণ সিস্টেম রয়েছে. তা দিয়েই আমরা আগুন নেভানোর কাজ শুরু করি। ক্ষয়ক্ষতির পরিমাণ এখনই বলা সম্ভব নয়। তবে অনুমান লক্ষাধিক টাকার কাঁচামাল নষ্ট হয়ে গেছে। যেহেতু ওখানে কোনও লেবার কাজ করছিলেন না তাই হতাহতের কোনও খবর নেই।

মুসলিমদের স্থান নেই বাংলায়, মন্তব্য করে বিতর্কে রূপা

স্টাফ রিপোর্টার: এবার বিতর্কিত মন্তব্য করে দলের অস্বস্তি বাড়ালেন সাংসদ ও বিজেপি নেত্রী রূপা গঙ্গোপাধ্যায়। নাগরিকত্ব আইন নিয়ে প্রতিক্রিয়া দিতে গিয়েই বিতর্কিত মন্তব্য করেন রাজ্যসভার সাংসদ রূপা। পাকিস্তান ও বাংলাদেশ হল মুসলিমদের জন্য। পশ্চিমবঙ্গ হিন্দুদের জন্য। বাংলাদেশ থেকে ফিরে আসা হিন্দুরা এই জন্যই এখানে থাকতে এসেছিলেন। নাগরিকত্ব আইন সংশোধনী বিল নিয়ে প্রতিক্রিয়া দিতে গিয়ে মন্তব্য করেন রূপা। হিন্দুদের শরণার্থী ও মুসলিমদের অনুপ্রবেশকারী মনে করেন কিনা প্রশ্নের জবাবে তাঁর প্রতিক্রিয়া, শুধু হিন্দুরা কেন বৌদ্ধ ও জৈনরা শরণার্থী। রাজ্যসভার সাংসদ আরও বলেন, এ দেশে জন্মানো বক্তিদের এনআরসি নিয়ে ভয় পাওয়ার কোনও প্রয়োজন নেই।

সম্প্রতি বিজেপি-র জাতীয় সহসভাপতি ওম মাথুরও এনআরসি ও নাগরিকত্ব আইন প্রসঙ্গে মন্তব্য করে বিতর্ক সৃষ্টি করেছিলেন। তিনি বলেছিলেন, দেশ কোনও ধর্মশালা নয়। এবং ২০১৯ লোকসভার পর গোটা দেশেই বাংলাদেশি অনুপ্রবেশকারী চিহ্নিত করতে এনআরসি চালু করা হবে।

প্রসঙ্গত অসমে নাগরিকপঞ্জির খসড়া প্রকাশ করে এমনিই বিতর্ক সৃষ্টি করেছে কেন্দ্রীয় সরকার। এরমধ্যেই ২০১৯ লোকসভার আগে শীতকালীন অধিবেশনে নাগরিকত্ব আইন সংশোধনী বিল আনা হতে পারে বলেও জল্পনা রয়েছে।

হাওড়ার এক ব্যক্তিকে খুনের চেষ্টা

হাওড়া, ২২ আগস্ট: অপরাধের শাস্তি এভাবেই হয়। যার বড় উদাহরণ হাওড়ার লিলুয়ায় ঘটে যাওয়া ঘটনা। বিবাহবহির্ভূত সম্পর্কের জেরে এক ব্যক্তিকে রাস্তায় ফেলে কোপাল দুই যুবক। তার জন্য চাঞ্চল্য ছড়াল এলাকায়।

হাওড়ার লিলুয়া থানার অন্তর্গত আনন্দ নগরের ঘটনা। অভিযোগ, আনন্দ নগরের বাসিন্দা তপন মণ্ডলের স্ত্রী রূপা দেবীকে নিয়ে পালিয়ে যায় এলাকার যুবক রমেশ বাগ। দীর্ঘদিন পর মঙ্গলবার রাতে বাড়ি ফেরে রমেশ। তখনই তপনবাবু তার স্ত্রীর খোঁজ করতে গেলে তপনবাবুকে আচমকাই ধারালো অস্ত্র দিয়ে আঘাত করতে থাকে রমেশ ও তার বন্ধু লাল্টু। চেঁচামেচির আওয়াজ পেয়ে এলাকার লোকজন ছুটে এলে নিজেদের বাইক ফেলে চম্পট দায় রমেশ ও লাল্টু। এরপর তপনবাবুকে উদ্ধার করে প্রথমে জয়সওয়াল ও পরে হাওড়া হসপিটালে ভর্তি করা হয়। তপনবাবুর শরীরে একাধিক আঘাতের চিহ্ন রয়েছে। উত্তেজিত জনতা দুষ্কৃতীদের ফেলে যাওয়া বাইকে আগুন লাগিয়ে দেয়। এমনকী অভিযুক্তের বাড়িতেও ভাঙচুর চালায়। খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছে পরিস্থিতি নিয়ন্ত্রণের আনে লিলুয়া থানার পুলিশ। তপনবাবুর পরিবারের অভিযোগে, রমেশ ও লাল্টুর বিরুদ্ধে খুনের চেষ্টার মামলা রুজু করে তদন্তে নেমেছে পুলিশ। তবে এখনও এই প্রতিবেদনটি লেখা পর্যন্ত অভিযুক্তরা কেউ ধরা পড়েনি।

অপহৃত কিশোরী উদ্ধার

সোনারপুর, ২২ আগস্ট: মাস পাঁচেক আগে সোনারপুর থেকে অপহৃত হয়ে গেছিল কিশোরী। অবশেষে পুলিশ তাকে উদ্ধার করে কেরালার কোঝিকোড় জেলা থেকে। কিন্তু ফিরিয়ে আনার সময় আটকে পড়েছিল বন্যায়। গতকাল ওই কিশোরী ও অভিযুক্তকে নিয়ে কলকাতায় পৌঁছেছে পুলিশ। অভিযুক্তকে আজ বারুইপুর আদালতে তোলা হবে। সোনারপুর থানার ফুলেরহাটের বাসিন্দা ওই কিশোরী স্থানীয় অতুলকৃষ্ণ গার্লস হাইস্কুলের ক্লাস টেনের ছাত্রী। ৯ মার্চ, ২০১৮ বাড়ি থেকে বেরিয়েছিল স্কুল থেকে অ্যাডমিট কার্ড আনতে। কিন্তু তারপর আর বাড়ি ফেরেনি। ১৪ মার্চ সোনারপুর থানায় অপহরণের অভিযোগ দায়ের করেন কিশোরীর বাবা। ঘটনার তদন্ত শুরু করে পুলিশ। কিশোরীর ফোনের সূত্র ধরে নজরে আসে সঞ্জয় দাস নামে এক যুবকের নাম। জানা যায়, সঞ্জয় পূর্ব মেদিনীপুরের রামনগর এলাকার বাসিন্দা। কেরালায় একটি জুতোর কারখানার কাজ করে। ওই সূত্র ধরে ১২ আগস্ট এএসআই নবকুমার মিত্রের নেতৃত্বে সোনারপুর থেকে কেরালায় রওনা দেয় পুলিশের একটি দল। ওই দলে ছিলেন প্রশান্ত দাস, যশোদা আদিত্য ও মিঠুমণি কর্মকার। চারজনের ওই দল কোঝিকোড়ের ফেরক থানার পুলিশের সহযোগিতায় ১৫ আগস্ট ফেরক থেকে উদ্ধার করে কিশোরীকে। গ্রেফতার করা হয় সঞ্জয়কে।

কেরালার বন্যা দুর্গত মানুষের পাশে দাঁড়ানোর জন্য এসইউসির তরফে ত্রাণ সংগ্রহ করা হচ্ছে উলুবেড়িয়ায়। ছুবি : অমিত জানা

হাওড়ার উলুবেড়িয়ায় বাইক দুর্ঘটনায় মৃত এক

হাওড়া, ২২ আগস্ট: বাইকে দুর্ঘটনায় মৃত ১ আহত দুই। হাওড়ার উলুবেড়িয়ায় কুলগাছিয়া ৬ নং জাতীয় সড়কে ঘটনাটি ঘটেছে মঙ্গলবার রাতে। দুর্ঘটনাগ্রস্ত বাইক আরোহীদের কারও মাথায় হেলমেট ছিল না। জানা গিয়েছে, বাইকটি দ্রুতগতিতে বাগনান থেকে উলুবেড়িয়ার দিকে যাওয়ার সময় নিয়ন্ত্রণ হারিয়ে ধাক্কা মারে ডিভাইডারে। মৃতের নাম রাকেশ দাস। মৃত ও আহতদের প্রত্যেকেরই বাড়ি হাওড়ার বাগনানে। এই ঘটনায় এলাকায় শোকের ছায়া নেমে এসেছে।

বিয়ের প্রতিশ্রুতি দিয়ে ধর্ষণ

নিজস্ব সংবাদদাতা, হরিশচন্দ্রপুর: দীর্ঘদিনের প্রেমের সম্পর্ক। এরপর বিয়ের প্রতিশ্রুতি দিয়ে একাদশ শ্রেণির ছাত্রীর সঙ্গে শারীরিক সম্পর্ক স্থাপন করেছিল যুবকটি। এরপর ওই ছাত্রীকে বিয়ে করতে বেঁকে বসে অভিযুক্ত যুবক। এবার নতুন অভিযোগ, ওই ছাত্রীকে অপহরণ করে নিয়ে গিয়ে টানা ৩ দিন ধরে ধর্ষণ করল অভিযুক্ত। তারপর বাড়ির সামনেই ফেলে দিয়ে যায় তাঁকে। ঘটনাটি ঘটেছে মালদহের হরিশ্চন্দ্রপরে। এই ঘটনায় শোরগোল পড়ে গেছে এলাকায়। মালদহের হরিশ্চন্দ্রপুরের গ্রামের বাসিন্দা কয়েস আলি। তার বিরুদ্ধে অভিযোগ, বিয়ের প্রতিশ্রুতি দিয়ে এলাকার এক কিশোরীর সঙ্গে প্রেমের সম্পর্ক গড়ে তোলে সে। তারপর ওই কিশোরীর সঙ্গে শারীরিকভাবেও ঘনিষ্ঠ হয়। নির্যাতিতা কিশোরীর মা জানিয়েছেন, যুগলের সম্পর্কের কথা বাড়িতে জানাজানি হতেই তাঁরা দু’জনকে বিয়ে দেবেন বলে স্থির করেন। কয়েস তাঁকে বিয়ে করতে রাজি আছে বলে বাড়িতে জানায় ওই কিশোরীও।

কিন্তু সম্পর্কের কথা জানাজানি হওয়ার পর যেই কিশোরীর বাড়ি থেকে কয়েসকে বিয়ের জন্য চাপ দেওয়া হয়, তখনই বেঁকে বসে কয়েস। বিয়ে করতে অস্বীকার করে সে। এরপরই চলতি বছরের জুন মাসে কয়েস আলির বিরুদ্ধে বিয়ের মিথ্যে প্রতিশ্রুতি দিয়ে সহবাসের কিশোরীর পরিবারের অভিযোগের ভিত্তিতে কয়েস আলিকে গ্রেফতারও করে পুলিশ।